তারিখ 2 1 APR 1992
পৃষ্ঠা ২ কলাম ৬

দৈনিক বাংলা

২৬

আহত ২০ ঃ গ্রেপ্তার ১০

# এইচএসসি পরীক্ষা পেছানোর দাবীতে সড়ক অবরোধ সংঘর্ষ ঃ ভাংচুর

বিশ্ববিদ্যালয় রিপোর্টার ঃ উচ্চ মাধ্যমিক (এইচএসসি) পরীক্ষা পেছানোর দাবীতে একদল ছাত্র সোমবার নগরীর কয়েকটি সড়ক অবরোধ করলে পুলিশের সঙ্গে তাদের সংঘর্ষ হয়। ছাত্ররা বিভিন্ন স্থানে যানবাহনের ওপর হামলা চালায় এবং ভাংচুর করে। মিরপুর রোডে বোমাবাজির ঘটনা ঘটে।

সংঘর্ষে ২০ জন ছাত্র আহত হয়। ঘটনার সঙ্গে জড়িত থাকার অভিযোগে পুলিশ ১০ জন ছাত্রকে আটক করেছে।

আমাদের সংবাদদাতারা জানিয়েছেন, টঙ্গী ও সাভারে ছাত্ররা পরীক্ষা পেছানোর দাবীতে অবরোধ সৃষ্টি করলে ঢাকা-ময়মনসিংহ ও ঢাকা-আরিচা সড়কে শত শত যানবাহন আটকা পড়ে।

"উচ্চ মাধ্যমিক ছাত্র আন্দোলন পরিষদ" নামে একটি সংগঠন গত শুক্রবার

(৭-এর পৃঃ ৭-এর কঃ দ্রঃ)

## এইচএসসি পরীক্ষা পেছানোর দাবীতে

(প্রথম পৃঃ পর)

এক সাংবাদিক সম্মেলনে এই রাজপথ, রেলপথ অবরোধের কর্মসূচী ঘোষণা করে। ঘোষিত কর্মসূচী অনুযায়ী ঢাকার বিভিন্ন কলেজের ছাত্ররা সোমবার সকাল দশটায় তেজগাঁও কলেজ প্রাঙ্গণে সমবেত হয়। সাড়ে দশটায় কয়েক শত ছাত্র সেখান থেকে ফার্মগেট ওভারব্রীজের নীচে এসে সড়ক অবরোধের চেষ্টা করে। কিন্তু পুলিশ তড়িৎগতিতে লাঠিচার্জ করে ছাত্রদের ছত্রভঙ্গ করে দেয়। পুলিশের লাঠিচার্জে বেশ কিছু ছাত্র আহত হয়। বিক্ষুব্ধ ছাত্ররা এ সময় দুটি মিনিবাসের কাচ ভাংচুর করে। ছাত্রদের ছত্রভঙ্গ করতে পুলিশ কয়েক রাউন্ড কাঁদানে গ্যাসও ছোড়ে।

পুলিশের তাড়া খেয়ে ছাত্ররা গ্রীনরোড হয়ে সায়েন্স ল্যাবরেটরী ঢাকা সিটি কলেজের সামনে এসে সমবেত হয়। এ সময় সিটি কলেজ ও ঢাকা কলেজের ছাত্ররাও তাদের সঙ্গে যোগ দেয়। এখানে ছাত্ররা সড়ক অবরোধের চেষ্টা করলে পুলিশের সঙ্গে তাদের ধাওয়া পাল্টা ধাওয়া হয়। এ সময় সায়েন্স ল্যাবরেটরীর কাছে বিকট শব্দে পর পর কয়েকটি বোমা বিস্ফোরিত হয়। বোমার শব্দে এলাকার সমস্ত দোকানপাট বন্ধ হয়ে যায়। সকাল এগারটা থেকে দুপুর একটা পর্যন্ত ছাত্ররা সায়েন্স ল্যাবরেটরী, এলিফ্যান্ট রোড, নিউমার্কেট ও নীলক্ষেতে অবরোধ তৈরি করে রাখে। এ সময় পুরো এলাকায় যানবাহন চলাচল বন্ধ ছিল। অবরোধের কারণে শত শত যানবাহন রাস্তায় আটকা পড়ে এবং নগরীর বিভিন্ন স্থানে যানজটের সৃষ্টি হয়।

দুপুর দেড়টার দিকে ছাত্ররা অবরোধ প্রত্যাহার করলে পুনরায় যানবাহন চলাচল শুরু হয়।

অবরোধ চলাকালে পুলিশ ঘটনাস্থল থেকে দশজন ছাত্রকে গ্রেপ্তার করে। ধানমন্ডি থানা পুলিশ জানায়, তাদের জিজ্ঞাসাবাদ করা হচ্ছে।

উচ্চ মাধ্যমিক ছাত্র আন্দোলন পরিষদের এক জরুরী সভায় অবরোধ কর্মসূচী চলাকালে ছাত্র-জনতার উপর পুলিশের হামলার তীব্র নিন্দা করা হয়েছে।

সোমবার বিকালে আবু সুফিয়ানের সভাপতিত্বে অনুষ্ঠিত এই সভায় অবিলম্বে গ্রেপ্তারকৃত সকল ছাত্রকে মুক্তিদানের দাবী জানানো হয়।

পরিষদ আগামীকাল বুধবার আহূত হরতালের কর্মসূচী সফল করার জন্য ছাত্রদের প্রতি আহবান জানিয়েছে।

আমাদের জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় সংবাদদাতা জানান, উচ্চ মাধ্যমিক পরীক্ষা পেছানোর দাবীতে জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় কলেজ ও সাভার কলেজের কিছু ছাত্র সোমবার সকাল ৯টা থেকে সাড়ে ১১টা পর্যন্ত ঢাকা-আরিচা মহাসড়ক অবরোধ করে। এ সময় এ মহাসড়কে কোনো যানবাহন চলাচল করতে পারেনি।

অবরোধ শেষে ছাত্রদের একটি মিছিল জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় ক্যাম্পাস ও সাভার বাজার এলাকা প্রদক্ষিণ করে।

আমাদের টঙ্গী সংবাদদাতা জানান, উচ্চ মাধ্যমিক পরীক্ষা পেছানোর দাবীতে একদল ছাত্র সোমবার দুপুরে টঙ্গীতে ঢাকা-ময়মনসিংহ মহাসড়ক দুই ঘন্টার জন্য অবরোধ করে রাখে। এ সময় শতাধিক যানবাহন আটকা পড়ে। টঙ্গী সরকারী কলেজের ছাত্ররা চেরাগ আলী মার্কেটের সামনে সড়কের উপর অবস্থান নেয়। দুপুর দুইটায় অবরোধ প্রত্যাহার করলে পুনরায় যানবাহন চলাচল শুরু হয়।